

৬ প্লাস দে-জেতাৎ ইনি
প্যারিস
১৩ অগস্ট, ১৯০০

হরি ভাই,

তোমার ক্যালিফোর্নিয়া হতে পত্র পেলুম। তিনজনের ভাব হতে লাগল, মন্দ কি? ওতেও অনেক কাজ হয়। শ্রী-মহারাজ জানেন। যা হয় হতে দাও। তাঁর কাজ তিনি জানেন, তুমি আমি চাকর বই তো নই।

এ চিঠি স্যানফ্রান্সিস্কোতে পাঠাই -- মিসেস পানেলের কেয়ারে।

নিউ ইয়র্কের সামান্য সংবাদ পেয়েছি এইমাত্র। তারা আছে ভাল। কালী প্রবাসে। তুমি স্যানফ্রান্সিস্কোতে 'কিমাসীত' প্রভাষেত, ব্রজেত কিম' লিখ। আর মঠে টাকা পাঠাবার কথাটায় গাফিলা হয়ো না। লস্ এঞ্জেলস, স্যানফ্রান্সিস্কো হতে যেন অবশ্য অবশ্য টাকা মাসে মাসে যায়।

আমি এক রকম বেশ আছি। শীঘ্রই ইংলন্ড যাত্রা। শরতের সংবাদ পাচ্ছি। তার মধ্যে আমাশা হয়েছে। আর সকলে আছে ভাল। ম্যালেরিয়া এবারে বড় কাউকে ধরেনি। গঙ্গার উপর বড় ধরেও না। এবার বর্ষা কম হওয়ায় বাঙলা দেশেও আকালের ভয়।

কাজ করে যাও, ভায়া, মায়ের কুপায়; মা জানেন, তুমি জান -- আমি খালাস! আমি এখন জিরেন নিতে চললুম। ইতি

স্নেহাবদ্ধ

বিবেকানন্দ

^১ স্বামীজী গীতার ভাবটি লইয়া প্রশ্ন করিয়াছেন, উহার অর্থ -- কোথায় থাক, কি বল, কোথায় যাও ইত্যাদি।